তারিখ 15 OCT 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# জমে উঠছে তালা উপজেলা শিক্ষক সমিতির নির্বাচন

■ তালা (সাতক্ষীরা) সংবাদদাতা

বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতি সাতক্ষীরার তালা উপজেলা শাখার নির্বাচন জমে উঠেছে। আগামী ২৮ অক্টোবর অনুষ্ঠিতব্য নির্বাচনকে ঘিরে প্রার্থীরা দিন-রাত ভোটারদের দ্বারে দ্বারে ভোট প্রার্থনা করছে। নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

নির্বাচনে সভাপতি পদে ৪ জন, সাধারণ সম্পাদক পদে ৩ জন ও কোষাধ্যক্ষ পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। সভাপতি পদে দলুয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনন্দ মোহন হালদার, এইচএমএস মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোবারক আলী, এজেডিপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মজিদ ও কপোতাক্ষ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জগদীশ চন্দ্র মণ্ডল প্রতিদ্বন্দ্বিতা করছেন। সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন বর্তমান সাধারণ সম্পাদক খলিলনগর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মুকুন্দ কুমার রায়, ফলেয়া চাঁদকাটি মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মোঃ সাইফুল্লাহ ও নগরঘাটা কবি নজরুল বিদ্যাপীঠের সহকারী শিক্ষক নিশিকান্ত ব্যানার্জী। কোষাধ্যক্ষ পদে দিদার বখত মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বর্তমান সমিতির কোষাধ্যক্ষ মো. মতিয়ার রহমান, মাদরা অগ্রণী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রায়হান হোসেন ও কেএমএসসি কলেজিয়েট স্কুলের অজয় কুমার মণ্ডল প্রতিদ্বন্দ্বিতায় নামছেন।

প্রধান নির্বাচন কমিশনার ও শিক্ষক সমিতির সাবেক সভাপতি মোঃ মোস্তফা কামরুজ্জামান বলেন, ৩১টি পদের মধ্যে ইতোমধ্যে ২৮ জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। বাকি ৩টি পদে অর্থাৎ সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ পদে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উপজেলার ৬৯৫ জন শিক্ষক-শিক্ষিকা ভোটার এই নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।